# সেনাবাহিনীর গ্রীষ্মকালীন মহড়া পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী



ছবি: পিএম

প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশ সেনাবাহিনীর গ্রীষ্মকালীন মহড়া পরিদর্শন করেছেন। মঙ্গলবার (৭ জুলাই) সকালে মানিকগঞ্জের সিংগাইর উপজেলায় ৯ পদাতিক ডিভিশনের অধীন ৮ বীর-এর প্রশিক্ষণ এলাকায় আকস্মিকভাবে উপস্থিত হয়ে তিনি মহড়ার বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ করেন।

পরিদর্শনকালে প্রধানমন্ত্রী 'ফার্ম বেস'-এর বিভিন্ন অংশ ঘুরে দেখেন এবং দায়িত্বপ্রাপ্ত জেনারেল অফিসার কমান্ডিং (জিওসি) ও ইউনিটের কমান্ডিং অফিসারের (সিও) কাছ থেকে প্রশিক্ষণের অগ্রগতি ও অপারেশনাল প্রস্তুতি সম্পর্কে ব্রিফিং নেন। তিনি সেনাসদস্যদের পরিচালিত একটি রেইড মহড়াও প্রত্যক্ষ করেন।

এ সময় যুদ্ধক্ষেত্রভিত্তিক কৌশল, বাঙ্কারে অবস্থান, সমরাস্ত্রের ব্যবহার এবং বাস্তবধর্মী প্রশিক্ষণের বিভিন্ন দিক পরিদর্শন করেন প্রধানমন্ত্রী। মহড়ায় অংশ নেওয়া সেনাসদস্যদের সঙ্গে মতবিনিময় করেন এবং তাদের দায়িত্ব পালনে উৎসাহ দেন। পরে তাদের সঙ্গে মধ্যাহ্নভোজ ও চা পান করেন।

সেনাসদস্যদের উদ্দেশে দেওয়া বক্তব্যে প্রধানমন্ত্রী বলেন, দেশের জনগণের আস্থা ও বিশ্বাসের প্রতীক বাংলাদেশ সেনাবাহিনী। তিনি পেশাদারিত্ব, শৃঙ্খলা এবং সর্বোচ্চ প্রস্তুতি ধরে রাখার আহ্বান জানান।

পরিদর্শনকালে প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম, সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, প্রধানমন্ত্রীর সামরিক সচিব মেজর জেনারেল আবুল হাসনাত মোহাম্মদ তারিকসহ ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন।